

উচ্চশিক্ষা

কিউএস বিষয়ভিত্তিক র্যাঙ্কিং: প্রথমবার স্থান পেল ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৯ বিভাগ, এগিয়েছে দুই ক্যাটাগরিতে

নিজস্ব প্রতিবেদক ঢাকা প্রকাশ: ১৩ মার্চ ২০২৫, ১৯: ৫৬



ঢাকা বিশ্ববিদ্যালয় ফাইল ছবি

যুক্তরাজ্যভিত্তিক শিক্ষা ও গবেষণা সংস্থা কোয়াককোয়ারেলি সায়মন্ডসের (কিউএস) বিষয়ভিত্তিক বিশ্ব র্যাঙ্কিংয়ে ইতিহাসে প্রথমবারের মতো জায়গা করে নিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৯টি বিভাগ। গতবছর ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৬টি বিভাগ র্যাঙ্কিংয়ে স্থান পেয়েছিল। গতকাল বুধবার বিষয়ভিত্তিক এই র্যাঙ্কিংয়ের তালিকা প্রকাশ করেছে কিউএস।

কিউএসের প্রতিবেদন অনুযায়ী, ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি ক্যাটাগরিতে ঢাকা বিশ্ববিদ্যালয় গত বছরের তুলনায় এ বছর ১০০ ধাপ এগিয়ে বিশ্ব র্যাঙ্কিংয়ে ৪০১ থেকে ৪৫০-এর মধ্যে অবস্থান করছে। এই ক্যাটাগরির অন্তর্ভুক্ত কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগ ৫৫১ থেকে ৬০০-এর মধ্যে, ইঞ্জিনিয়ারিং-ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক বিভাগ ৫০১ থেকে ৫৫০ এর মধ্যে, ইঞ্জিনিয়ারিং-মেকানিক্যাল, অ্যারোনেটিক্যাল বিভাগ ৫০১ থেকে ৫৭৫-এর মধ্যে অবস্থান করছে।

সোশ্যাল সায়েন্স অ্যান্ড ম্যানেজমেন্ট ক্যাটাগরিতে গত বছরের তুলনায় ৫০ ধাপ এগিয়ে বর্তমানে সারাবিশ্বে ৪০১ থেকে ৪৫০-এর মধ্যে অবস্থান করছে। এই ক্যাটাগরির অন্তর্ভুক্ত একাউন্টিং অ্যান্ড ফিন্যান্সে বিভাগ ২৫১ থেকে ৩০০-এর মধ্যে, বিজনেস অ্যান্ড ম্যানেজমেন্ট স্থাডিজ বিভাগ ৪০১ থেকে ৪৫০ এর মধ্যে, ইকোনমিক অ্যান্ড ইকোনমেট্রিকস বিভাগ ৩৫১ থেকে ৪০০-এর মধ্যে, সমাজবিজ্ঞান বিভাগ ৩০১ থেকে ৩৭৫-এর মধ্যে অবস্থান করছে।

লাইফ সায়েন্স অ্যান্ড মেডিসিন ক্যাটাগরিতে মেডিসিন বিভাগ ৬৫১ থেকে ৭০০-এর মধ্যে অবস্থান করছে। ন্যাচারাল সায়েন্স ক্যাটাগরিতে ফিজিকস অ্যান্ড অ্যাস্ট্রানোমি বিভাগ ৫৫১ থেকে ৬০০-এর মধ্যে অবস্থান করছে। আর্টিস অ্যান্ড হিউমেনিটিস ক্যাটাগরিতে ৫০১ থেকে ৫৫০-এর মধ্যে অবস্থান করছে। বিজ্ঞপ্তি



সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান

স্বত্ব © ১৯৯৮-২০২৫ প্রথম আলো